

## সুনামগঞ্জের জগন্নাথপুর কলেজে ছাত্রদল-ছাত্রলীগ সংঘর্ষ : আহত ১৫

সুনামগঞ্জ জেলা সংবাদদাতা :  
সুনামগঞ্জের জগন্নাথপুর কলেজ ক্যাম্পাসে  
ছাত্রদল ও ছাত্রলীগের দু'কর্মীর মধ্যে  
কথাকাটাকাটির জের ধরে গতকাল  
(বুধবার) সাড়ে ১১টার সময় এক সংঘর্ষে  
উভয় পক্ষের ১৫ জন আহত হয়েছে। এই  
সংঘর্ষের ঘটনায় জগন্নাথপুর কলেজের  
বিবদমান দু'টি ছাত্র সংগঠনের মধ্যে চরম  
উত্তেজনা বিরাজ করছে।

জানা গেছে, গত শনিবার ছাত্রলীগ কর্মী  
সেবু দাস এবং ছাত্রদল কর্মী লাভেল  
চৌধুরীর মধ্যে কলেজ ক্যাম্পাসে একটি  
তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে কথাকাটাকাটি  
হয়। এই কথাকাটাকাটির জের ধরেই  
গতকাল বুধবার পুনরায় এই দুই ছাত্রের

মধ্যে বাকবিতণ্ডা শুরু হয়। এক পর্যায়ে  
উভয় সংগঠনের কর্মীরা সংঘর্ষে জড়িয়ে  
পড়ে। প্রায় ১ ঘণ্টা স্থায়ী এই সংঘর্ষে উভয়  
পক্ষ ইট-পাটকেল, লাঠিসোঁটা ও দেশীয়  
বিভিন্ন ধরনের অস্ত্র ব্যবহার করে। ফলে  
উভয় পক্ষের ১৫ জন ছাত্র আহত হওয়ার  
খবর পাওয়া গেছে। সংঘর্ষ চলাকালীন  
ক্যাম্পাসে সাধারণ ছাত্র-ছাত্রীদের মধ্যে  
মারামর্ক আতঙ্ক দেখা দেয়। পরিস্থিতি  
নিয়ন্ত্রণে কলেজের অধ্যক্ষ অনেক চেষ্টা  
করেও ব্যর্থ হন। পরে পুলিশের হস্তক্ষেপে  
পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। সংঘর্ষে  
আহতদের জগন্নাথপুর বাহা কমপ্লেক্সে  
প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।